

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
উন্নয়ন শাখা-১, ঢাকা।  
(www.pwd.gov.bd)

স্মারক নং: ৬/৬২/২০১৭/৩০০ (২০)

উশা-১

তারিখ: ৩০/০২/২০১৭ খ্রি: ১

বরাবর,

নির্বাহী প্রকৌশলী

গণপূর্ত বিভাগ, .....

**বিষয়:** প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন ও ছবি অনলাইন প্রজেক্ট মনিটরিং সিস্টেম (PMS) এ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় এর আলোকে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প সমূহ দ্রুত ও নিবিড় মনিটরিং এর জন্য অনলাইন প্রজেক্ট মনিটরিং সিস্টেম (PMS) চালু রয়েছে যা গণপূর্ত অধিদপ্তর এর ওয়েব সাইট এর সাথে সংযুক্ত আছে।

এখন থেকে গণপূর্ত প্রকল্প সার্কেল-২ এর আওতাধীন প্রকল্প সমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন ও ছবি অনলাইন প্রজেক্ট মনিটরিং সিস্টেম (PMS) এ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো। একই সাথে প্রচলিত Paper based reporting বহাল থাকবে।

গণপূর্ত প্রকল্প সার্কেল-২ এর আওতাধীন উল্লেখযোগ্য বড় প্রকল্প সমূহ হলো :-

- ১। “প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্প। যে সব জায়গায় ইতোমধ্যে নির্মাণ কাজ শুরু হয়েছে বা বিদ্যমান স্থাপনা ভাঙ্গা হচ্ছে সে সব জায়গার ছবি Upload করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- ২। “বাংলাদেশের ৬৪টি জেলা সদরে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ (১ম পর্যায়) প্রকল্প”।
- ৩। “দেশের কতিপয় জেলায় জেলা রেজিস্ট্রি ও সাব-রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প।

বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইন প্রজেক্ট মনিটরিং সিস্টেম (PMS) এ User’s Manual সংযুক্ত আছে। রিপোর্ট প্রদানের ক্ষেত্রে প্রয়োজনে গণপূর্ত অধিদপ্তরের এম.আই.এস সেল ও গণপূর্ত প্রকল্প সার্কেল-২, ঢাকার সাথে যোগাযোগ করা যেতে পারে।

বিষয়টি অতীব জরুরী।

  
৩০/০২/২০১৭  
(মোহাম্মদ পারভেজ খাদেম)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
গণপূর্ত প্রকল্প সার্কেল-২, ঢাকা।  
ফোন: ৯৫৬৯৬৪৫।

অনুলিপি:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও বিশেষ প্রকল্প), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী .....
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল .....
- ৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এম.আই.এস বিভাগ-২, পূর্ত ভবন, ঢাকা, গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-৩/৫, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী (প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৭। অফিস নথি।